মাহদীর বাসায় পেট্রোলবোমা হামলার অভিযোগ, পুলিশ বলছে ‘নাটক’



সমন্বয়ক মাহাদী। ছবি: সংগৃহীত

হবিগঞ্জে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের জেলা কমিটির সদস্যসচিব মাহদী হাসানের বাসায় পেট্রোলবোমা নিক্ষেপের অভিযোগ উঠেছে। তবে ঘটনাস্থলে পেট্রোলবোমা হামলার কোনো আলামত পাওয়া যায়নি বলে জানিয়েছে পুলিশ।

শনিবার (১৪ নভেম্বর) রাত সাড়ে ১২টার দিকে ফেসবুক লাইভে মাহদী জানান, পরিবারের সদস্যদের নিয়ে ঘুমিয়ে থাকা অবস্থায় তাঁদের ঘরের টিনের চালে দুটি ঢিলের মতো বস্তু পড়ে। এরপর সেখানে আগুন জ্বলে ওঠে। পেট্রোলবোমা জাতীয় কিছু ছোড়া হয়েছে বলে সন্দেহ করছেন তিনি।

তবে হবিগঞ্জ সদর মডেল থানার ওসি মো. জাহিদুল হক ঘটনাটিকে ‘নাটক’ বলে মন্তব্য করেছেন। রাত ২টার দিকে তিনি বলেন, মাহদীর ফেসবুক লাইভ দেখে ঘটনাস্থলে গিয়ে পেট্রোলবোমা হামলার কোনো আলামত পাওয়া যায়নি।

ওসি জানান, মাহদীর বাড়ি থেকে ২০-৩০ গজ দূরে তাঁর চাচা আনোয়ারের বাসায় অটোরিকশার ব্যাটারি চার্জ দেওয়া হচ্ছিল। শর্টসার্কিট থেকে সেখানে আগুন লেগে বিদ্যুতের মিটার পুড়ে যায়। চাচার বাড়িতে আগুন লাগার ঘটনাকেই মাহদী নিজের বাসায় পেট্রোলবোমা হামলা বলে প্রচার করেছেন বলে মন্তব্য করেন তিনি।